Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র


## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৴০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ।০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶১০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ।

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা হাতে ১॥০ টাকা। নগদ মূল্য ৴০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।



মহারাজা, রাজা, মহামহোপাধ্যায় পণ্ডিত, উচ্চ রাজকর্ম্মচারী ও বহু অভিজ্ঞ ডাক্তারগণ কর্ত্তৃক উচ্চ প্রশংসিত

**সোণামুখী কেশ তৈল**

কেশের জন্য সর্ব্বোৎকৃষ্ট গুণে ও গন্ধে অতুলনীয়। মূল্য প্রতি শিশি ১৲ এক টাকা।

**শ্যামা দন্তমঞ্জন**

দন্ত রোগের মহৌষধ। মূল্য প্রতি শিশি ।॥০ আনা।

কবিরাজ শ্রীশৌরীন্দ্রমোহন গাঙ্গুলী, কবিরত্ন
(গভর্ণমেণ্ট রেজিষ্টার্ড)
সোণামুখী ভবন, পোঃ মণিগ্রাম (মুর্শিদাবাদ)


৩৬শ বর্ষ } রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ—২৫শে মাঘ বুধবার ১৩৫৬ ইংরাজী 8th Feb. 1950 { ৩৬শ সংখ্যা


সাবানের সেরা

## রায়সন সাবান

ব্যবসাদারদের জন্য বিশেষ ব্যবস্থা আছে।
পরীক্ষা প্রার্থনীয়।

বিনীত—
রায়সন কেমিক্যাল কোং
খাগড়া
(পুরাতন পোষ্ট অফিসের গলি)

## বরফ

বাজারে বাহির হচ্ছে
স্থানীয় এজেন্সীর
ও
অন্যান্য সর্ত্তাবলীর জন্য
খোঁজ লউন।

বিনীত—
বহরমপুর আইস্ কোং
খাগড়া
(পুরাতন পোষ্ট অফিসের গলি)

## ৪২এর অধ্যায়—

ভারতীয় জীবন বীমার ক্ষেত্রে "হিন্দুস্থান" এর বিচিত্র ও বিস্ময়কর ইতিহাসে আর একটি উজ্জ্বলতর নূতন অধ্যায় সংযোজিত হইল। ইহা একদিকে যেমন হিন্দুস্থানের অবিচ্ছিন্ন বহুমুখী জনসেবার পরিচয় প্রদান করে, অপর দিকে তেমনি তাহাদের আর্থিক উন্নতি সাধনের সহায়ক হিসাবে জনসাধারণ এই প্রতিষ্ঠানের উপর কতখানি আস্থাবান ও নির্ভরশীল তাহারও প্রমাণ পাওয়া যায়। এই আস্থা ও নির্ভরশীলতা যে উত্তরোত্তরই বৃদ্ধি পাইতেছে, সোসাইটির গত ১৯৪৮ সালের হিসাব-নিকাশেই তাহার নিদর্শন পাওয়া যায়:—

| | |
|---|---|
| নূতন বীমা | ১৩,১৮,৫৭,২৫৮৲ |
| মোট চল্‌তি বীমা | ৬৩,৪২,২৬,৯৫৯৲ |
| প্রিমিয়ামের আয় | ২,৯৫,৮০,৪৫৪৲ |
| বীমা তহবীল | ১২,০৭,২০,৪৬১৲ |
| মোট সম্পত্তি | ১৩,৪১,৫১,০০৭৲ |
| প্রদত্ত ও দেয় দাবীর পরিমাণ (১৯৪৮) | ৬৭,৭১,৪৪৬৲ |

**হিন্দুস্থান কো-অপারেটিভ**
ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড,
হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস
৪নং চিত্তরঞ্জন এভিনিউ, কলিকাতা

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

২৫শে মাঘ বুধবার সন ১৩৫৬ সাল।

### আমাদের অজ্ঞানকৃত অপরাধ

## ক্ষমা কর মা!

—:০:—

মন্দিরের চূড়ায় অবস্থিত অবাঞ্ছিত অপবিত্র পক্ষীকে উড়াইয়া দিবার জন্য লোষ্ট্র নিক্ষেপ করিলে, যদি মন্দিরের দেবীমূর্ত্তির গাত্রে একটুও আঘাত লাগে, তাহাতে নিক্ষেপকের অজ্ঞানকৃত পাপ-স্পর্শ হয়। জঙ্গিপুরের কতিপয় সরকারী কর্ম্মচারীর "শনিচক্র" নামক পারিবারিক (?) ভ্রাম্যমাণ সাপ্তাহিক নৈশ সংসদের কথা লিখিয়া আমরা চক্রের সভ্যা কোন কোন মাতৃ-হৃদয়ে বেদনা দিয়াছি। যাঁহার নিকটে আমরা এই সংবাদ অবগত হইলাম, তাঁহার উপর আমাদের পূর্ণ বিশ্বাস এখনও আছে। আমরা আমাদের অপরাধ-ক্ষালনের কিঞ্চিন্মাত্র চেষ্টা না করিয়াই, আদ্যাশক্তি মহামায়ার প্রতি যেমন সসম্ভ্রমে 'তুমি' 'তুই' প্রভৃতি শব্দ প্রয়োগ করিয়া থাকি, তেমনি তাঁহারই অংশরূপিনী মায়েদের প্রত্যেকের নিকট অনুতপ্ত হৃদয়ে সজল-নেত্রে নিবেদন করিতেছি—মা গো! তোমরা যেমন সন্তানের প্রদত্ত প্রসব-বেদনা ভুলিয়া যাইতে একটুও দ্বিধা বোধ কর না, তেমনি আমাদের অজ্ঞতাজনিত অপরাধ ক্ষমা কর মা।

## আমাদের আবদার

আমরা গত ৩৬ বৎসর হইতে সরকারী কর্ম্মচারিগণের অপকর্ম্মের বিরুদ্ধে উচ্চতর, উচ্চতম কত রাজপুরুষের নিকট কত আবেদন, কত নিবেদন করিয়া প্রায়ই বিফল মনোরথ হইয়াছি। এবার যেন মনে হয়—অনাচার অত্যাচারের প্রতিকারের পন্থার সন্ধান মিলিয়াছে। যেমন ডুগী, তবলা প্রভৃতি বাদ্য-যন্ত্রকে আঘাতের বেদনা দিয়া মিলাইতে হয়, মায়েদের হৃদয়ে আঘাতের বেদনা দিয়া আমাদের মিলিয়াছে সত্যিকারের নালিশের স্থল মা! ভিখারিণীর শিশু সন্তান যেমন প্রবল প্রতাপসম্পন্ন ব্যক্তিকেও শাসাইয়া বলে "মাকে বলে' দেবো" আমরাও এখন হইতে সেই বুলি ধরিলাম—"মাকে বলে' দেবো"।

## বিচার কর, মা

### শনিচক্রটা 'প্রাইভেট' না 'পাবলিক'?

স্থান ফাঁসিতলা—রাত্রি ১০টা কি ১১টা। এক বাটীতে দাম্পত্য কলহ। নিকটস্থ এক বাটীতে চক্রের একজন যুবক সভ্য বাস করিতেন। তিনিও এই কলহে অংশ গ্রহণ করিলেন। পল্লীর জনৈক সম্ভ্রান্ত বংশের ভদ্রলোক ইহাতে আপত্তি করায় কথা কাটাকাটি। চক্রের বিখ্যাত নায়কের পর দিন ঐ আপত্তিকারীর উপর তর্জ্জন গর্জ্জন। জনৈক তৃতীয় ব্যক্তি এই খ্যাতিমান মহোদয়কে নিবৃত্ত করার চেষ্টা করায় উত্তর মিলিল—আজ এক জন সরকারী কর্ম্মচারীকে, কাল আর একজনকে এমনি হেনেস্তা করিলে আমাদের চক্র ভাঙিয়া যাইবে। ব্যাপারটী তদানীন্তন S. D. O. র খাস কামরা পর্য্যন্ত গড়াইয়াছিল।

তাহা হইলে আমরা বলিতে পারি না কি যে—বড় হুজুর, মেজো হুজুর, সেজো হুজুর, ন-হুজুর, ছোট হুজুর, মানুষের ডাক্তার, গরুর ডাক্তার, পুলিশ, চাউলের বাবু, পুকুর-কাটা বাবু, পাটের বাবু, চাষের বাবু, চিনির বাবু মিলিয়া এক শাসক-গোষ্ঠী গঠন করিয়া এই অন্ধকারাচ্ছন্ন অসভ্য অধিবাসিগণকে স্বাধীনতার আলোক দেখাইতে হপ্তায় হপ্তায় এপার, ওপার, এপাড়া, ওপাড়ায় উৎসবের হুল্লোড় করিয়া সরকারী নিমকহালালির পরাকাষ্ঠা দেখাইতেছেন? যখন দেশের লোক রেশন কার্ডে এক ফোঁটা চিনি পাইতেছে না, দাতব্য সরকারী চিকিৎসালয়ে রোগীরা সাগু বার্লিতে গুড় খাইতেছে, তখন সাধারণের সুখ শান্তি-বিধাতাগণের সপরিবারে শর্করা-বিমিশ্রিত পানীয় সহ উৎসব শোভা পায়? এর মধ্যে কি একটী লোকও নাই, যিনি গৃহস্থ বাড়ীর খবর না রাখিলেও, হাসপাতালের রোগীদের গুড় খাইবার খবর জানেন?

তন্ত্রে কথিত আছে :—

"প্রবৃত্তে ভৈরবীচক্রে সর্ব্বে বর্ণা দ্বিজোত্তমাঃ।
নিবৃত্তে ভৈরবীচক্রে সর্ব্বে বর্ণাঃ পৃথক্ পৃথক্॥"

এই শনিচক্রেরও সব সভ্যকেই আমরা প্রভুত্বসম্পন্ন বলিয়া মনে করিতে বাধ্য, কারণ ইতিপূর্ব্বে ফাঁসি-তলার যে ব্যাপারের উল্লেখ করিয়াছি, তাহাতে একের অন্যায় কার্য্যেও অন্যের সমর্থন যোগ্য বলিয়া পরিলক্ষিত হইয়াছে। এ চক্রের নিবৃত্তি হইলে, সকলে পৃথক্ পৃথক্ হইবে, সে দিন কত দূরে—তাহা কে জানে? বর্ত্তমানে সকলেই দ্বিজোত্তম।

গত বিজয়া দশমীর সায়ংকাল। ভাগীরথীর উভয় কূলে মহামায়ার প্রতিমা সমূহ নিরঞ্জন দর্শনার্থী সহস্র সহস্র দর্শকের ভিড়। গঙ্গাবক্ষে বৃহদাকার নৌকার মধ্য হইতে সরকারী মাইক, এম্‌প্লিফায়ার ও লাউড স্পীকার যোগে বামাকণ্ঠের সঙ্গীত, আবৃত্তি উভয় তীরে সমবেত জনগণের আনন্দ বিধান করিতেছিল। প্রত্যেক বিষয় ঘোষণার সঙ্গে "চা-পানের জন্য কিছুক্ষণের বিরতি" অল-ইণ্ডিয়া-রেডিওর মত এ ব্যাপারও উচ্চ নিনাদে ঘোষিত হইতে শোনা গিয়াছিল। ইহাও কি প্রাইভেট?

বৃটিশ আমলে যেমন—এণ্ডু, পেণ্ড, যোশেফ, রবার্টস্ সকলেই আমাদের শাসনকর্ত্তা সাজিয়া ভীতির সঞ্চার করিত, এই জঙ্গিপুরে যে যে নিম্নস্থ সরকারী কর্ম্মচারী উপরওয়ালার সঙ্গে চক্রে মিশিবার সুযোগ পাইয়াছেন, তাঁহাদের অনেকেই নিজেকে "দ্বিজোত্তম" মনে করিয়া কর্ত্তব্য কর্ম্মে শিথিলতা দেখাইতেছেন। এই ভারতের সীমান্তে অবস্থিত স্থানে এই চক্র (চক্রান্ত?) রাষ্ট্রের পক্ষে শুভকর নহে।

মায়েদের কাছে প্রমাণ প্রয়োগ সহ বহু অভিযোগ জানাইব মা!

বন্দেমাতরম্

---

## শোক সংবাদ

জঙ্গিপুর মহকুমার ভূতপূর্ব্ব কংগ্রেস সম্পাদক দুর্গাশঙ্কর শুকুল মহাশয় দীর্ঘদিন চক্ষুরোগ ও অন্যান্য জটিল ব্যাধিতে ভুগিয়া গত ২৩শে মাঘ বৈকালে নশ্বর মানবদেহ পরিত্যাগ করিয়া সাধনোচিত ধামে গমন করিয়াছেন। তাঁহার স্থান পূরণ হইবার নহে। আমরা তাঁহার বিয়োগ-বিধুর স্বজনগণের শোকে সমবেদনা প্রকাশ করিয়া, পরলোকগত আত্মার চিরশান্তি কামনা করি।

---

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

### নিলামের দিন ২০শে ফেব্রুয়ারী ১৯৫০

১৯৪৯ সালের ডিক্রীজারী

৪৬৭ থাং ডিঃ সেবাইত প্রমথনাথ মাহাতা দিং দেং কনকগোপাল চট্টোপাধ্যায় মৃতান্তে ওয়ারিশ ও স্বয়ং কাঞ্চনগোপাল চট্টোপাধ্যায় দাবি ২৪।/১১॥০ থানা সাগরদীঘি মৌজে বেলুড়িয়া ৭১ শতকের কাত ৩।৵৮॥০ আঃ ১০৲ খং ৮৯

৪৭২ থাং ডিঃ নবকুমার সিংহ দুধোরিয়া দিং দেং আপসোর সেখ দিং দাবি ৮৪।৩ থানা সাগরদীঘি মৌজে গাঙ্গাড্ডা ৩-৬২ শতকের কাত ৭॥০ আঃ ১০৲ খং ৪৭১

২৫৭ থাং ডিঃ নরেশচন্দ্র বসু দেং সরোজিনী দেব্যা দাবি ৭৫॥৶৩ থানা সাগরদীঘি মৌজে কাবিলপুর নূতনগ্রাম ৫-২৬ শতকের কাত ১৩।৩ আঃ ১০৲ থং ১৫

৪০৭ থাং ডিঃ কামেশ্বরনাথ লালা দিং দেং মাধবচন্দ্র সরকার দিং দাবি ৪৭॥৵৪ থানা সাগরদীঘি মৌজে কোতলা ৮১ শতকের কাত ৪৶০ আঃ ১০৲ থং ৬৪

৪৪১ থাং ডিঃ ঐ দেং জেলেমন বিবি দিং দাবি ৬৩।৶০ থানা ঐ মৌজে বেলইপাড়া ১-৯৭ শতকের কাত ৯৵৪ আঃ ১০৲ থং ২৬৪

৪১১ থাং ডিঃ ঐ দেং নমু সেথ দাবি ১৫৸৶৩ মৌজাদি ঐ ৩ শতকের কাত ॥৵৯ আঃ ৫৲ থং ২৮৩

৪০৯ থাং ডিঃ ঐ দেং সুবল মাল দিং দাবি ১০।৩ থানা ঐ মৌজে সের ১১ শতকের কাত ৸/৯ আঃ ৫৲ থং ৩৯

৪৩৩ থাং ডিঃ ঐ দেং নাকুপদ মাল দাবি ৯৸৶৭ মৌজাদি ঐ ৭ শতকের কাত ৸১ আঃ ৫৲ থং ৭২

৪১০ থাং ডিঃ ঐ দেং বীণাপাণি দেবী দিং দাবি ১৬।৭ থানা ঐ মৌজে তাঁতিবিরল ৮৬ শতকের কাত ২৸৶২ আঃ ৫৲ থং ৮৮

৪১২ থাং ডিঃ ঐ দেং মহম্মদ মণ্ডল দিং দাবি ৪৮/৯ থানা ঐ মৌজে বুধি ৪-২৯ শতকের কাত ১৪৵৯ আঃ ৫৲ থং ৪৫

৪৩২ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৭৵১১ মৌজাদি ঐ ১-৩০ শতকের কাত ২৸০ আঃ ৫৲ থং ৪৬

৪৪২ থাং ডিঃ ঐ দেং অমরেন্দ্রনাথ দাস দিং দাবি ৪১॥৵৭ মৌজাদি ঐ ২-৪০ শতকের কাত ৯॥৶৭ আঃ ১০৲ থং ৪৩

৪৩১ থাং ডিঃ ফতেসিং কুঠারী দিং দেং দুলালকালী দেবী দাবি ৫৪৸৵৩ থানা সাগরদীঘি মৌজে কাবিলপুর নূতনগ্রাম ৮-৩ শতকের কাত ১২৸৶৯ আঃ ২০৲ থং ১৪ অধিনস্থ ২৫৯

৪৩০ থাং ডিঃ বীরেন্দ্রনাথ মাহাতা দিং দেং তাহিরুদ্দিন বিশ্বাস মৃতান্তে আবদুল হক বিশ্বাস দিং দাবি ৩৩৶৯ থানা সাগরদীঘি মৌজে থেরুর ৬৬ শতকের কাত ২॥৶৯ আঃ ৫৲ থং ৩৮৮

৪৪৪ থাং ডিঃ সেবাইত মহান্ত গণপতি দাস গোস্বামী দেং দিল মহম্মদ মণ্ডল দাবি ৮৬।৵০ থানা সাগরদীঘি মৌজে ভুরকুণ্ডা ৮-৬ শতকের কাত ২৯৲ আঃ ২০৲ থং ১৪২, ১৪৪, ১৪৬, ১৫১

৪২৯ থাং ডিঃ কৃষ্ণকনক রায় দিং দেং বেসারত মণ্ডল দিং দাবি ৫৪/৬ থানা সাগরদীঘি মৌজে নিম্পিবিরল ১-২৩ শতকের কাত ৪॥/১ আঃ ১০৲ থং ১২০।২৭০

৪৫৪ থাং ডিঃ বিমলসিংহ কুঠারী দেং শ্বেতবরণী দাসী দিং দাবি ৩০॥৵৬ থানা সাগরদীঘি মৌজে থাড়ুগ্রাম ৮০ শতকের কাত ৪৶৬ আঃ ২০৲ থং ১৮৮

৪৫৮ থাং ডিঃ ঐ দেং বিষ্ণুপদ সাহা দিং দাবি ১৪৮।৯ মৌজাদি ঐ ৩-১৩ শতকের কাত ২৪৲৯ আঃ ২৫৲ থং ২৪৭

৪৬০ থাং ডিঃ ঐ দেং শিবদাসী দাসী দাবি ১০৸৶৯ মৌজাদি ঐ ১-৭১ শতকের কাত ১৸৶৬ আঃ ৫৲ থং ২৮৪

৪৬২ থাং ডিঃ ঐ দেং রণজয় মাল দিং দাবি ২২॥৩ মৌজাদি ঐ ৯৮ শতকের কাত ৫৶৬ আঃ ২০৲ থং ৫৯

৪৬৩ থাং ডিঃ ঐ দেং রমণীরঞ্জন সাহা দাবি ২২॥৬ মৌজাদি ঐ ১-১৮ শতকের কাত ৯।৶৪ আঃ ২০৲ থং ২৩২

৪৬১ থাং ডিঃ ঐ দেং রণজয় মাল দিং দাবি ১৩॥৯ থানা ঐ মৌজে পাঁউলী ৪২ শতকের কাত ২৲ আঃ ১০৲ থং ৫৮

৪৫৫ থাং ডিঃ ঐ দেং অমূলকচাঁদ কুমাট দিং দাবি ১০/৬ থানা ঐ মৌজে ব্রাহ্মণীগ্রাম ৩৫ শতকের কাত ১১/৯ আঃ ১০৲ থং ৩৫০

৪৫৭ থাং ডিঃ ঐ দেং অমূলকচাঁদ কুমাট দাবি ২০১।৵৬ মৌজাদি ঐ ১-৬০ শতকের কাত ৪৸/॥/০ মণ চাউল আঃ ২০০৲ থং ৩৪৯

৪৫৯ থাং ডিঃ ঐ দেং ভোলানাথ দাস দাবি ৪২৸৶৩ মৌজাদি ঐ ১-৯ শতকের কাত ৭৲ আঃ ২০৲ থং ১৯৩

৪৫৬ থাং ডিঃ ঐ দেং রাসবিহারী দাস দাবি ৯১।৬ মৌজাদি ঐ ৪-৮৩ শতকের কাত ১৫৶৭ আঃ ৭০৲ থং ২৩২—১৫৭

৩৩২ থাং ডিঃ মহারাজ বাহাদুর সিংহ দেং মহম্মদ সেথ দিং দাবি ৩৯৸৬ থানা সাগরদীঘি মৌজে জিনদীঘি ৯৬ শতকের কাত ৬৲ থং ২১৯ রায়ত স্থিতিবান

৩৯৬ থাং ডিঃ জগদিন্দ্রনাথ চৌধুরী দেং বন্দেশ্বরী দেবী দাবি ২৬৸৶৬ থানা সাগরদীঘি মৌজে থারিওর ৬২ শতকের কাত ৩।০ আঃ ১০৲ থং ৮২৪

৩৯৭ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩২০৵৬ থানা ঐ মৌজে বেলড়িয়া ১৯-৪০ শতকের কাত ১৩২।৵১ আঃ ২০০৲ থং ৩০১

৩৯৯ থাং ডিঃ ঐ দেং নসিমুদ্দিন সেথ দিং দাবি ৩৬৶৩ থানা ঐ মৌজে বড়গড়া ১-৩১ শতকের কাত ৫৲ আঃ ২০৲ থং ১২২৭

৩৯৮ থাং ডিঃ গৌরীশঙ্কর চৌধুরী দিং দেং কালিদাসী দাসী দাবি ১২।৵৯ থানা সাগরদীঘি মৌজে বেলড়িয়া ৭ শতকের কাত ১৲ আঃ ৫৲ থং ৩৭১

৪০৬ থাং ডিঃ ধীরেন্দ্রনাথ রায় দেং দেদার সেথ দাবি ৯॥৶০ থানা ফরক্কা মৌজে মালঞ্চা ৭২ শতকের কাত ১৵১ আঃ ৫৲ থং ৫৩৭

৩২২ থাং ডিঃ প্রশান্তকুমার রায় দিং দেং চন্দ্রকান্ত দাস দাবি ১৪॥/০ থানা ফরক্কা মৌজে শঙ্করপুর ৭৮ শতকের কাত ৸/৩ আঃ ৫৲ থং ৬৬

১৮ স্বত্ব ডিঃ কলিমুদ্দিন নাদাপ দেং খুকী বিবি দাবি ২৮/৬ থানা সমসেরগঞ্জ মৌজে অনুপনগর ৪॥৩ জমির কাত ১০৸৵০ দেন্দারের ৭/১৪৪ অংশ আঃ ১০৲ থং ২৫৮০ ২নং লাট মৌজাদি ঐ ১২ শতকের কাত ১।/৪ আঃ ২৲ থং ২৫৮২ দেন্দারের ৭/১৪৪ অংশ ৩নং লাট থানা ঐ মৌজে লালপুর ২॥১ জমির কাত ২॥৶৬ আঃ ৮৲ থং ৪৬০

---

## TENDER

Tenders will be received by the undersigned for the re-excavation of derelict tanks under the Tanks Improvement Act, 1939 upto 3 P.M. of 10. 2. 50.

Specifications of the Tanks and the estimate of cost may be inspected in the office of the Tanks Improvement Officer any time during office hours.

Tenders for works must be accompanied with a Treasury Chalan conveying the deposit of 10% of the estimated cost as earnest money without which tenders will be rejected.

Sd/- N. K. Roy,
For Collector, Murshidabad.

Dated, Berhampore,
The 31st January, 1950.

---

## আর-এস-এস সংবাদ

রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘের স্থানীয় কার্য্যালয়ে সংবাদ পাওয়া গিয়াছে যে সংঘের প্রধান নেতা গুরুজী শ্রীমাধব রাও সদাশিব রাও গোলওয়ালকর ফেব্রুয়ারী মাসের ২য় সপ্তাহে বাংলার বিভিন্ন জেলা পরিভ্রমণকালে বহরমপুরে আসিতেছেন তাঁহাকে উপযুক্ত সম্বর্দ্ধনা দেওয়ার জন্য বিপুল আয়োজন চলিতেছে।

(পর পৃষ্ঠা দেখুন।

## বিখ্যাত কাটনীর চুণ

যাবতীয় ইমারতি কাজের ও পানে খাওয়ার জন্য উৎকৃষ্ট ১নং পাথর চুণ পাওয়া যায়। নিম্ন ঠিকানায় অনুসন্ধান করুন।

শ্রীপরিমলকুমার ধর
জঙ্গিপুর (ঠাকুরবাড়ীর সন্নিকট)

## বিজ্ঞাপন

এতদ্দ্বারা সর্ব্বসাধারণকে জানান যায় যে আমি শ্রীদক্ষিণাপদ বন্দ্যোপাধ্যায় সাং বাড়ালা, বাড়ালা নিবাসী শ্রীশ্যামাকিঙ্কর বন্দ্যোপাধ্যায়, নাবালক শ্রীহরকিঙ্কর বন্দ্যোপাধ্যায় নাবালক শ্রীরবীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় ও নাবালকদ্বয় পক্ষে অলি মাতা ও স্বয়ং শাকম্বরী দেবার নিম্নপরিচিত মত সম্পত্তি ৯৫০৲ টাকা মূল্যে খরিদের চুক্তিতে ৫০৲ টাকা বায়না দিয়া বায়নানামা সম্পাদন করিয়া দিয়াছেন। যদি কেহ উক্ত বাটী খরিদ করেন তিনি নিজ দায়িত্বে করিবেন।


মৌজা বাড়ালা থানা রঘুনাথগঞ্জ জেলা মুর্শিদাবাদ সব-রেজেষ্ট্রী জঙ্গিপুর খতিয়ান নং ১১৫১, দাগ নং ৩৭:৬ উত্তর সীমানা কুমারিশ্চন্দ্র ভট্টাচার্য্য দিং পরিমাণ ৭ শতক

মণ্ডলপুর

## গঙ্গাধর আয়ুর্ব্বেদীয় ঔষধালয়

আমি রামপুরহাট টোলে সংস্কৃত অধ্যয়ন করিয়া স্বনামধন্য কবিরাজ শ্রীযুক্ত যোগীন্দ্রনারায়ণ কবিরত্নের নিকট আয়ুর্ব্বেদ শিক্ষা করিয়া স্বগ্রামে এই ঔষধালয় স্থাপন করিয়াছি। এখানে নানাবিধ অরিষ্ট, আসব, তৈল, ঘৃত, চ্যবনপ্রাশ প্রভৃতি শাস্ত্রীয় ঔষধ বিক্রয়ার্থ প্রস্তুত রাখি। বিদেশী রোগিগণের থাকিবার সুব্যবস্থা আছে। গরীব রোগিদিগকে বিনা পারিশ্রমিকে যত্নসহকারে ব্যবস্থা দিয়া থাকি। অল্প সময়ের মধ্যে অনেকগুলি রোগী আমার চিকিৎসায় আরোগ্য লাভ করিয়াছে। পরীক্ষা প্রার্থনীয়।

রেজিষ্টার্ড কবিরাজ শ্রীস্বয়ম্ভুপদ বিদ্যারত্ন
আয়ুর্ব্বেদরত্ন ও বিশারদ
কবিরাজ ৺অবনীশচন্দ্র বিদ্যাবিনোদের পুত্র
মণ্ডলপুর পোঃ বাড়ালা, মুর্শিদাবাদ।




রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পাণ্ডত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত